

(প্রেস বিজ্ঞপ্তি)

৩১ অক্টোবর ২০২২ খ্রি.

সিআরবি রক্ষা আন্দোলনকারী নাগরিক সমাজের নেতৃবৃন্দের সাথে মেয়র
সিআরবি রক্ষায় প্রধানমন্ত্রীর এই বদান্যতাকে কৃতজ্ঞচিত্তে স্মরণ করে
৫ নভেম্বর সিআরবি চত্বরে সমাবেশ সফল করার আহ্বান

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, এদেশের সকল গণতান্ত্রিক আন্দোলন, ন্যায় অধিকার আদায়ে চট্টগ্রাম সবসময় অগ্রীণ ভূমিকা পালন করে আসছে। চট্টগ্রামের সৌন্দর্যের প্রাণ কেন্দ্র সিআরবি ধ্বংস করে একটি মহল হাসপাতাল করার অপচেষ্টা রুখে দিয়েছে। চট্টগ্রামের নাগরিক সমাজের এই আন্দোলন, সংগ্রাম, শ্রম ও ত্যাগ স্বীকার করে সফলতা অর্জন করেছেন সেজন্য আমি সকলকে অভিনন্দন জানাই। আন্দোলনের এই বিজয় চট্টগ্রামবাসীর বিজয়। প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা চট্টগ্রামবাসীর সেন্টিমেন্টের বিরুদ্ধে কিছু না করার যে সিদ্ধান্ত দিয়েছেন। এজন্য আমি নাগরিকবাসীর পক্ষ থেকে তাঁর প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। তিনি আরো বলেন, আমি মেয়রের দায়িত্ব গ্রহণের পর সর্বমহলের মতামত নিয়ে নান্দনিক নগর গড়ার উদ্যোগ গ্রহণ করি। সিআরবি আন্দোলনের এই সফলতা আমার উদ্যোগকে আরো উৎসাহিত করবে। আন্দোলনের সমাপ্তিতে প্রধানমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা জানানোর জন্য আগামী ৫ নভেম্বর শনিবার বিকাল ৩ টায় সিআরবি চত্বরে চট্টগ্রামের সর্বস্তরের নাগরিকদের নিয়ে বিশাল সমাবেশের উদ্যোগ গ্রহণ করেছে নাগরিক সমাজ চট্টগ্রাম। সিটি কর্পোরেশনের কাউন্সিলর, সংরক্ষিত কাউন্সিলরগণ সেই সমাবেশ সফল করার জন্য ঐক্যবদ্ধভাবে কাজ করবেন। আজ সোমবার বিকেলে টাইগারপাসস্থ অস্থায়ী নগর ভবনের সম্মেলন কক্ষে নাগরিক সমাজের নেতৃবৃন্দের সিটি মেয়রের সাথে সাক্ষাতকালে তিনি একথা বলেন।

চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগের সহ সভাপতি নাগরিক সমাজ চট্টগ্রামের সভাপতি এড. ইব্রাহিম হোসেন চৌধুরী বাবুলের নেতৃত্বে প্রতিনিধি দলের মধ্যে উপস্থিত ছিলেন-বীর মুক্তিযোদ্ধা মোহাম্মদ ইউনুছ, অধ্যাপক ড. ইদ্রিস আলী, কাউন্সিলর পুলক খান্দির, কামরুল হাসান বাদল, রাশেদ হাসান, হাছিনা আক্তার টুনু, জাবেদ নজরুল ইসলাম, এম.এ জাফর, নুরুল আজম রনি, মো. শাহজাহান, স্বপন মজুমদার, মো. আকতার হোসেন, নারায়ন প্রমুখ।

মেয়র আরো বলেন, সিআরবি রক্ষা আন্দোলনটি ছিলো অহিংস। ভালো কাজ করতে গেলে সবার সহযোগিতা পাওয়া যায়। সিআরবি রক্ষা আন্দোলনটি তার একটি প্রকৃত উদহারণ। তিনি বলেন, নগরীর সৌন্দর্য্যবর্ধনে আমি কিছু কার্যক্রম হাতে নিয়েছি। এরই মধ্যে আখাবাদ রেলওয়ের জোড় ডেবাসহ আরো অনেক পরিত্যক্ত জায়গা সংস্কারপূর্বক বিনোদন স্পটে পরিনত করার প্রস্তাব রেল কর্তৃপক্ষ বরাবরে দেয়া হয়েছে। এছাড়া নগরীর উন্মুক্ত জায়গা গুলো খেলার মাঠ ও শিশুদের বিনোদন স্পট তৈরীর প্রস্তাবনা প্রদান করা হয়। এছাড়া সাগার পাড়ে প্রায় ৪০ একর জায়গায় এমিউসমেন্ট পার্ক করার কথা উপস্থিত নেতৃবৃন্দকে জানান। সিআরবি রক্ষায় চট্টগ্রামবাসীর প্রতি প্রধানমন্ত্রীর এই বদান্যতাকে কৃতজ্ঞচিত্তে স্মরণ করে আগামী ৫ নভেম্বর বিকাল ৩টায় সিআরবি চত্বরে সমাবেশ সফল করার আহ্বান জানান।

চসিক ভ্রাম্যমাণ আদালত
উচ্ছেদ অভিযান ও এডিস মশার বংশ বিস্তার রোধে পরিচালিত অভিযানে
৮ ব্যক্তিকে ৮৭ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ সোমবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী পরিচালিত অভিযানে সাগরিকা গরুর বাজার সংলগ্ন সিটি কর্পোরেশনের জায়গা থেকে অবৈধ স্থাপনা উচ্ছেদ করে জায়গাটি দখলমুক্ত করা হয়। একই অভিযানে অবৈধভাবে রাস্তা দখল করে স্থাপনা নির্মাণ করায় দুই ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৩১ হাজার টাকা জরিমানা করা হয় এবং উক্ত এলাকায় ডেঙ্গু রোগ প্রতিরোধে বিভিন্ন বাসা বাড়ীর ছাদ বাগান ও নির্মাণাধীন ভবনে এডিস মশার উৎসস্থল পরিদর্শন করা হয়। এডিস মশার উৎসস্থল পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য জনসাধারণের মাঝে সচেতনতা সৃষ্টি করা হয়। সেই সময় সাগরিকা এলাকায় নির্মাণাধীন ভবনের নীচে এডিস মশার বংশ বিস্তারে জমাটবদ্ধ পানির উৎস পাওয়ায় ভবন মালিকের বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ১০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজন পরিচালিত অপর অভিযানে হিলভিউ আবাসিক এলাকায় ডেঙ্গু রোগ প্রতিরোধে বিভিন্ন বাড়ী ও নির্মাণাধীন ভবন পরিদর্শন করা হয়। এই সময় তিনটি নির্মাণাধীন ভবনের নীচে এডিস মশা বংশ বিস্তারে জমাটবদ্ধ পানির উৎস পাওয়ায় এবং রাস্তায় নির্মাণ সামগ্রী রেখে চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টির দায়ে পাঁচ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৪৬ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ও পাহাড়তলী থানা পুলিশ ম্যাজিস্ট্রেটগণকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩